

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৭৮৯

আগরতলা, ১২ জুলাই, ২০২৪

খার্চি উৎসব ও মেলা-২০২৪  
যানবাহন চলাচলে বিধিনিষেধ

আগামী ১৪ জুলাই, ২০২৪ থেকে ২০ জুলাই, ২০২৪ পর্যন্ত চতুর্দশ দেবতা মন্দিরে খার্চি পূজা অনুষ্ঠিত হবে। খার্চি পূজা উপলক্ষে সাধারণ মানুষ ও যানবাহন চলাচলের সুবিধার জন্য ট্রাফিক দপ্তরের পক্ষ থেকে যানবাহন চলাচলে কিছু বিধিনিষেধ জারি করা হয়েছে। তাছাড়াও পার্কিং জোন এবং নো-পার্কিং জোনের ব্যবস্থা করা হয়েছে।

ট্রাফিক দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী ১৪ জুলাই, ২০২৪ থেকে ২০ জুলাই, ২০২৪ পর্যন্ত ৭ দিন আগরতলার দিক থেকে চতুর্দশ দেবতা মন্দিরের উদ্দেশ্যে যাওয়া গাড়িগুলি বিজয় সংঘ এবং দশমীঘাট মাঠে পার্কিং করা হবে। জিরানীয়া ও চম্পকনগরের দিক থেকে আসা গাড়িগুলি পার্ক করার ব্যবস্থা হয়েছে বুধাইসাহা স্কুল মাঠে। সব সরকারি গাড়ি পার্ক করার ব্যবস্থা হয়েছে পল্লিমঙ্গল হায়ার সেকেন্ডারি স্কুল মাঠে। বাইপাস হয়ে বিশালগড়ের দিক থেকে আসা গাড়িগুলি পার্ক করা হবে কালীতলা এলাকায়। বণিক্য চৌমুহনি হয়ে সদর উত্তরাঞ্চল থেকে আসা গাড়িগুলি শংকর সরণি যাত্রাবাড়ি রাস্তার এক পাশে পার্ক করার ব্যবস্থা হয়েছে।

নো-পার্কিং জোন : জাতীয় সড়ক ৮-এর বিজয় সংঘ ড্রপ গেট থেকে দলুরা ড্রপ গেট, জাতীয় সড়ক ৮-এর বৃদ্ধনগর থেকে চন্দ্রপুর, খয়েরপুর থেকে বাইপাস রাস্তায় কাঠিয়াবাবা আশ্রম পর্যন্ত এলাকা সব ধরনের যানবাহনের জন্য নো-পার্কিং জোন হিসেবে ঘোষণা করা হয়েছে।

আগামী ১৪ জুলাই থেকে ২০ জুলাই, ২০২৪ পর্যন্ত সকাল ৮টা থেকে রাত ১১টা পর্যন্ত প্রতিদিন জাতীয় সড়ক হয়ে আগরতলার দিকে যাওয়া সব ধরনের ভারি যানবাহন মাধববাড়ি ও আমতলি এলাকা পর্যন্ত নিয়ন্ত্রিত হবে। গাড়ি চলাচল নিয়ন্ত্রণ করা হবে খয়েরপুরের হাওড়া ব্রিজ থেকে দেবতাবাড়ি, চন্দ্রপুর থেকে বলদাখাল রাস্তা হয়ে পুরাতন আগরতলা, আমতলি-খয়েরপুর বাইপাস হয়ে দেবতাবাড়ির দিকে যাওয়া যানবাহন কালীতলায়, চতুর্দশ দেবতাবাড়ির দিকে যাওয়া নতুন সড়কের বৃদ্ধনগর এলাকা পর্যন্ত। পরিস্থিতি অনুযায়ী যানবাহন নিয়ন্ত্রণের সময়সীমা বাড়ানো হতে পারে বলে ট্রাফিক দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে।

\*\*\*\*\*